গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সরকারি সমুদ্র পরিবহন অফিস
সরকারি কার্য ভবন-০১,
আগ্রাবাদ, চট্টগ্রাম।

জরুরি
সীমিত

নম্বর ১৮.১৭.১৫০০.৩০৮.৪০.০০৫.২০.২৯

তারিখ: ১৭ ভাদ্র ১৪২৭
০১ সেপ্টেম্বর ২০২০

বিজ্ঞপ্তি/নোটিশ

এতদ্বারা অত্র অফিসের নিবন্ধনপ্রাপ্ত সাধারণ রোস্টারে অন্তর্ভুক্ত BOSUN, AB, OS, FITTER, FITTER CUM WILDER, OILER, PUMPMAN, GS, CHIEF COOK পদের নাবিকদের অবগতির জন্য জানান যাচ্ছে যে, স্থানীয় ম্যানিং এজেন্ট মেসার্স মেরিন (এজেন্সী) সার্ভিসেস লিমিটেড এবং মেসার্স এ জেড শিপিং সার্ভিসেস লিমিটেড এর পত্র থেকে জানা যায় তাদের এজেন্সীভুক্ত দেশী/বিদেশী পতাকাবাহী জাহাজে চাকুরীর লক্ষ্যে রোস্টারভুক্তির জন্য অভিজ্ঞ নাবিক পাচ্ছেন না। তাছাড়া সাধারন রোস্টারের নাবিক নিবাচনের সময় ন্যাশনাল মেরিটাইম ইনস্টিটিউট (এন এম আই) হতে প্রশিক্ষন প্রাপ্ত অভিজ্ঞ নাবিক পাওয়া যায় না বা লাইনে দাড়াচ্ছেন না, ফলে নৌ পরিবহন অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক বেসরকারী একাডেমী বা ইনস্টিটিউট হতে প্রশিক্ষন প্রাপ্ত বা এক্স আইডিধারী নাবিক নিবাচন করতে হচ্ছে।

এমতাবস্থায়, সাধারন রোস্টারের বিশেষ করে এন এম আই হতে প্রশিক্ষন প্রাপ্ত অত্র অফিসের নিবন্ধনকৃত যে সকল নাবিকের চাকুরীর প্রয়োজন তাদেরকে জরুরী ভিত্তিতে স্থানীয় ম্যানিং এজেন্টের সাথে যোগাযোগ করে রোস্টার ভুক্তির অনুরোধ করা হল।

উল্লেখ্য যে, বর্তমানে বিভিন্ন দেশি/বিদেশি কোম্পানী তাদের দেশি/বিদেশি জাহাজে শর্ট নোটিশে নাবিক নির্বাচন করেন। রেজিষ্টার্ড ডাকযোগে কলকার্ড/নোটিশ দেয়ার জন্য পর্যাপ্ত সময় থাকে না বিধায় সাধারণ রোস্টারের যে সমস্ত নাবিক এখনও চাকুরী পাচ্ছেন না, তাদেরকে প্রতিদিন সকাল ৯ ঘটিকা হতে শিপিং অফিসে উপস্থিত থেকে হাজিরা রেজিস্টারে স্বাক্ষর এবং নাবিক নির্বাচনে অংশ গ্রহণ করে জাহাজে যোগদানের জন্য অনুরোধ করা হল।

১-৯-২০২০

মোঃ জাকির হোসেন চৌধুরী
শিপিং মাস্টার
ইমেইল: gso@gso.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, নৌপরিবহন অধিদপ্তর

২) পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর

৩) জনাব সিরাজুল মুনির চৌধুরী, সহকারী ব্যবস্থাপনা পরিচালক, বাড়ি-০১(৫ত তলা), লেইন-০১, রোড-০১, হালিশহর হাউজিং ষ্টেট, ডাকঘর-রামপুর-৪২২৪, জিলা-চট্টগ্রাম।

৪) অফিস সহকারী , সিডিসি শাখা, সরকারি সমুদ্র পরিবহন অফিস

৫) অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট

৬) এস এম রেজাউল হোসেন, জেনারেল ম্যানেজার, সিটি শপিং কমপ্লেক্স (৩য় তলা), বেপারী পাড়া, আগ্রাবাদ, চট্টগ্রাম।